



বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট

শেরে বাংলা নগর, ঢাকা - ১২০৭

স্মারক নং: বাশিহাই/ইনস্টিটিউট/২০২৬/২৯৩

তারিখ: ০২/০৬/২০২৬ইং

ডিপ্লোমা-ইন-পেডিয়াট্রিক নার্সিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি, শিক্ষাবর্ষ ২০২৫-২০২৬

সম্রাজ্ঞী বাংলাদেশ সরকার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক অনুমোদিত বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ (এক) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-পেডিয়াট্রিক নার্সিং কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

- ভর্তির জন্য আবেদনকারীর যোগ্যতাঃ
 - বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক স্বীকৃত ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি পাশ/বেসিক বিএসসি ইন নার্সিং পাশ।
 - সরকারী/স্বায়ত্বশাসিত/বেসরকারী প্রার্থীগণ আবেদন করতে পারবে।
 - বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর। বিভাগীয় প্রার্থীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য।
 - পেডিয়াট্রিক নার্সিং এ অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।
- অন্যান্য তথ্যাবলীঃ
 - মোট আসন সংখ্যা ২০ জন।
 - সরকারী/স্বায়ত্বশাসিত/বেসরকারী চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
 - কোর্স চলাকালীন সময়ে শুধুমাত্র বেসরকারি শিক্ষার্থীদের ১০,০০০/- (দশ হাজার) টাকা মাসিক ভাতা দেয়া হবে।
- আবেদন পত্র সংগ্রহ ও দাখিল করার নিয়মাবলীঃ
 - আবেদন পত্র সংগ্রহের জন্য ইনস্টিটিউটের হিসাব শাখা (রুম নং ১১১) হতে নির্ধারিত জমা রশিদ সংগ্রহ পূর্বক ১,০০০/- (এক হাজার) টাকা "বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট (একাডেমিক)", বাংলাদেশ কৃষি ব্যাংক, শ্যামলী শাখা, ঢাকা এর অনুকূলে প্রদান করে ইনস্টিটিউট অফিস হতে আবেদন পত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্র সংগ্রহে পূরণ করতঃ নিম্নবর্ণিত কাগজপত্রসহ ০৩/০৬/২০২৬ ইং তারিখ হতে ২৩/০৬/২০২৬ ইং তারিখ পর্যন্ত সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে ইনস্টিটিউট অফিসে (রুম 'এ', ৪র্থ তলা) জমা দিতে হবে।
 - অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
 - ভর্তি পরীক্ষা (লিখিত) আগামী ২৮/০৬/২০২৬ ইং তারিখ, সকাল ১০:০০ ঘটিকায় বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটের 'এ' ব্লকের ৪র্থ তলায় অনুষ্ঠিত হবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষা আগামী ৩০/০৬/২০২৬ইং তারিখ, সকাল ১০:০০ ঘটিকায় 'এ' ব্লকের ৪র্থ তলায় কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত ফলাফল ০২/০৭/২০২৬ ইং তারিখ, দুপুর ১.০০ ঘটিকায় বাশিহাই এর ওয়েবসাইট www.bshi.gov.bd ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
 - ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবেঃ
 - ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি/বেসিক বিএসসি ইন নার্সিং পরীক্ষার সনদের অথবা প্রশংসা পত্রের সত্যায়িত অনুলিপি ও মার্কশীটের সত্যায়িত অনুলিপি।
 - এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
 - বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত অনুলিপি।
 - সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত)।
 - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

অধ্যক্ষ (ডাঃ) মিজা মোঃ জিয়াউল ইসলাম
পরিচালক
বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট